গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
শুদ্ধাচার শাখা
www.ird.gov.bd

নং-০৮.০০.০০০০.০৩৬.০২৬.০৫.০০১.১৯.১২

তারিখ: ০৭ শ্রাবণ ১৪২৭ / ২২ জুলাই ২০২০

বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ।

এ বিভাগের বিগত ১৫-০৭-২০২০ তারিখের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী এতদসংগে প্রেরণ করা হলো। উক্ত কার্যবিবরণীর সিদ্ধান্ত মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০৭ (সাত) পৃষ্ঠা।

২২/০৭/২০২০
(মো: আবদুল জব্বার)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৪৫১৮৮

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। অতিরিক্ত সচিব (সকল), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।
২। সদস্য (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩। সদস্য (শুল্ক ও ভ্যাট প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৪। সদস্য (কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৫। মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, এন এস সি টাওয়ার, ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা।
৬। প্রেসিডেন্ট, ট্যাকসেস আপীলাত ট্রাইব্যুনাল, সেগুন বাগিচা, ঢাকা।
৭। প্রেসিডেন্ট, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, মতিঝিল, ঢাকা।
৮। যুগ্ম-সচিব (সকল), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
৯। মহাপরিচালক, বিসিএস কর একাডেমী, ঢাকা।
১০। মহাপরিচালক, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমী, চট্টগ্রাম।

অনুলিপি সদয় অবগতির জন্য:

১। সিনিয়র সচিব এর একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
২। সচিব (সমন্বয় ও সংস্কার) এর একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
৩। সহকারী প্রোগ্রামার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা (কার্যবিবরণীটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
৪। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
আইন ও নীতি শাখা
www.ird.gov.bd

অভ্যন্তরীণ সম্পদ বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সম্পর্কিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব আবু হেনা মোঃ রহমাতুল মুনিম, সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।
স্থান : সম্মেলন কক্ষ, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।
তারিখ : ১৫-০৭-২০২০ খ্রিস্টাব্দ।
সময় : সকাল ১১:০০ ঘটিকা।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা: **পরিশিষ্ট-'ক'**।

সভাপতি মহোদয় সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি ও অদ্যকার সভার আলোচ্য বিষয়সমূহ সভায় আলোচনা করা হয়। আলোচনান্তে সর্মসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা :

| ক্র/নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | ১.১ নৈতিকতা কমিটির সভা | ২০১৯-২০ অর্থবছরে অভ্যন্তরীণ সম্পদ বিভাগে ০৪ টি, জাতীয় রাজস্ব বোর্ড ৪টি, ট্যাকসেস আপীলাত ট্রাইবুন্যালে ৩টি এবং জাতীয় সঞ্চয় অধিদপ্তরে ৪ টি কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইবুন্যালে ৪টি সভা করা হয়েছে। সভাপতি শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার কার্যক্রম গুলো সংশ্লিষ্ট সকলের অনুধাবন ও বাস্তবায়নের বিষয়ে গুরত্বারোপ করেন। | ২০২০-২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল এর ত্রৈমাসিক সভা যথাসময়ে করতে হবে। | ১। অতিরিক্ত সচিব (শুদ্ধাচার), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ;<br>২। প্রেসিডেন্ট, ট্যাকসেস আপীলাত ট্রাইবুন্যাল;<br>৩। সদস্য (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড;<br>৪। মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর;<br>৫। প্রেসিডেন্ট, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইবুন্যাল। |
| ২. | ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগে ৮৯%, জাতীয় রাজস্ব বোর্ডে ১০০%, সঞ্চয় অধিদপ্তরে ১০০%, ট্যাক্সেস আপীলাত ট্রাইব্যুনালে ৯১%, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইবুনালে ১০০% বাস্তবায়ন করা হয়েছে। | ২০২০-২১ অর্থবছরের ত্রৈমাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে। | ১। অতিরিক্ত সচিব (শুদ্ধাচার), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ;<br>২। প্রেসিডেন্ট, ট্যাকসেস আপীলাত ট্রাইবুন্যাল;<br>৩। সদস্য (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড;<br>৪। মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর;<br>৫। প্রেসিডেন্ট, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইবুন্যাল। |
| ৩. | ১.৩ স্ব স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদকরণ। | এ বিভাগের সহকারী প্রোগ্রামার হতে প্রাপ্ত তথ্যে জানা যায় যে, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদ করা হয়েছে। তবে জাতীয় সঞ্চয় অধিদপ্তরে শুদ্ধাচার সেবাবক্সে ৩য় ত্রৈমাসিক রিপোর্ট, ট্যাকসেস আপীলাত ট্রাইবুন্যালের ২য় ও ৩য় ত্রৈমাসিক রিপোর্ট এর হালনাগাদ তথ্যাদি এবং ফোকাল | স্ব স্ব ওয়েবসাইটে শুদ্ধাচর সেবাবক্স হালনাগাদ করতে হবে। | ১। প্রেসিডেন্ট, ট্যাকসেস আপীলাত ট্রাইবুন্যাল;<br>২। সদস্য (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড;<br>৩। মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর;<br>৪। প্রেসিডেন্ট, কাস্টমস এক্সাইজ ও |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ও বিকল্প ফোকাল পয়েন্টের তালিকা নেই। কাস্টমস এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনালের ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স থাকলেও কোন তথ্য দেয়া নাই। | | ভ্যাট আপীলাত ট্রাইবুন্যাল;<br>৫। সহকারী প্রোগ্রামার অভ্যন্তরীণ সম্পদ বিভাগ। |
| ৪. | ১.৪ উত্তম চর্চার (best practice) তালিকা প্রণয়ন করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ হতে উত্তম চর্চার তালিকা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। জাতীয় রাজস্ব বোর্ড, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ট্যাকসেস আপীলাত ট্রাইব্যুনাল এবং কাস্টমস এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনালের তালিকা পাওয়া গিয়েছে। | আওতাধীন দপ্তর/সংস্থার ২০২০-২১ অর্থবছরের উত্তম চর্চার তালিকা প্রস্তুত করে অভ্যন্তরীণ সম্পদ বিভাগে প্রেরণ করবে এবং অভ্যন্তরীণ সম্পদ বিভাগ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করবে। | ১। অতিরিক্ত সচিব (শুদ্ধাচার), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ;<br>২। প্রেসিডেন্ট, ট্যাকসেস আপীলাত ট্রাইবুন্যাল;<br>৩। সদস্য (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড;<br>৪। মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর;<br>৫। প্রেসিডেন্ট, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইবুন্যাল। |

## ২. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন :

| ক্র/নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৫. | ২.১ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের (stakeholder) অংশগ্রহণে সভা। | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে অভ্যন্তরীণ সম্পদ বিভাগে ০২ টি, জাতীয় রাজস্ব বোর্ডে ৪টি, ট্যাকসেস আপীলাত ট্রাইবুন্যালে ০২টি এবং জাতীয় সঞ্চয় অধিদপ্তরে ০২ টি সভা করা হয়েছে। কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইবুন্যালে কোন সভা আয়োজন করেনি। | ২০২০-২১ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের (stakeholder) অংশগ্রহণে নিয়মিত সভা করতে হবে। | ১। অতিরিক্ত সচিব (শুদ্ধাচার), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ;<br>২। প্রেসিডেন্ট, ট্যাকসেস আপীলাত ট্রাইবুন্যাল;<br>৩। সদস্য (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড;<br>৪। মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর;<br>৫। প্রেসিডেন্ট, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইবুন্যাল। |
| ৬. | ২.২ কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণে নিয়মিত উপস্থিতি বিধিমালা ১৯৮২; সরকারি কর্মচারি আচরণ বিধিমালা ১৯৭৯ এবং সচিবালয় নির্দেশমালা ২০১৪ সম্পর্কে সচেতনতা বৃদ্ধিমূলক সভা/প্রশিক্ষণ আয়োজ। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগে ৬৭ জন, জাতীয় রাজস্ব বোর্ডে ৭৫ জন, জাতীয় সঞ্চয় অধিদপ্তরে ২২৯ জন, ট্যাক্সেস আপীলাত ট্রাইব্যুনালের ২৮৪ জনকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইবুন্যাল প্রতিবেদনে ৪টি সভা আয়োজনের কথা উল্লেখ করা হয়েছে। তবে প্রশিক্ষণে অংশগ্রহণকারী কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা উল্লেখ নেই। | ২০২০-২১ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী প্রশিক্ষণ অব্যাহত রাখতে হবে। | ১। প্রেসিডেন্ট ট্যাকসেস আপীলাত ট্রাইবুন্যাল;<br>২। সদস্য (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড;<br>৩। মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর;<br>৪। প্রেসিডেন্ট, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইবুন্যাল;<br>৫। যুগ্মসচিব (প্রশাসন), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭. | ২.৩ জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে কর্মকর্তা-কর্মচারিদের প্রশিক্ষণ প্রদান। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগে ৮৭ জন, জাতীয় রাজস্ব বোর্ডে ১০০ জন, জাতীয় সঞ্চয় অধিদপ্তরে ২২৯ জন ও ট্যাক্স আপীলাত ট্রাইব্যুনালের ১৯ জনকে শুদ্ধাচার বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়েছে। কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইবুন্যাল প্রতিবেদনে ৪টি সভা আয়োজনের কথা উল্লেখ করা হয়েছে। তবে প্রশিক্ষণে অংশগ্রহণকারী কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা উল্লেখ নেই। | ২০২০-২১ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ অব্যাহত রাখতে হবে। | ১। অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও এর আওতাধীন দপ্তর সংস্থা।<br>২। মহাপরিচালক, বিসিএস (কর) একাডেমী/কাস্টমস এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমী। |

### ৩. শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক আইন/বিধি/নীতিমালা/ম্যানুয়েল প্রণয়ন/সংস্কার/হালনাগাদকরণ ও প্রজ্ঞাপন/পরিপত্র জারি :

| ক্র/নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৮. | ৩.১ ২০১৯-২০ কর বর্ষে আয়কর পরিশোধ সংক্রান্ত নির্দেশিকা ও আয়কর পরিপত্র জারী। | ২০১৯-২০ বর্ষের আয়কর নির্দেশিকা ও পরিপত্র ১৮-০৭-২০১৯ তারিখে প্রকাশিত হয়েছে। | ২০২০-২১ অর্থবছরের কর বর্ষে আয়কর পরিশোধ সংক্রান্ত নির্দেশিকা প্রণয়ন করতে হবে। | সদস্য (কর নীতি), জাতীয় রাজস্ব বোর্ড |

### ৪. ওয়েবসাইটে সেবাবক্স হালনাগাদকরণ :

| ক্র/নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৯. | ৪.১ সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বরসমূহ স্ব স্ব তথ্য বাস্তবায়নে দৃশ্যমানকরণ। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ট্যাক্স আপীলাত ট্রাইব্যুনালের ও কাস্টমস আপীলাত ট্রাইবুনালের সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বরসমূহ স্ব স্ব তথ্য বাস্তবায়নে দৃশ্যমানকরণ করা হয়েছে। | স্ব স্ব ওয়েবসাইটে/তথ্য বাতায়নে সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বরসমূহ দৃশ্যমান রাখার প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। | সহকারী প্রোগ্রামার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও অভ্যন্তরীণ সম্পদ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা |
| ১০. | ৪.৩ দুদকে স্থাপিত হটলাইন নম্বর ১০৬ (টোল ফ্রি) স্ব স্ব তথ্য বাতায়নে সংযুক্তকরণ এবং তা কর্মকর্তা-কর্মচারীদেরকে অবহিতকরণ। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ট্যাকসেস আপীলাত ট্রাইব্যুনাল এবং কাস্টমস এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল এর তথ্য বাতায়নে সংযোজন ও কর্মকর্তা-কর্মাচারীদের অবহিত করেছে। | তথ্য বাতায়নে সংযোজিত দুদকের হটলাইন নম্বর সম্পর্কিত তথ্য কর্মকর্তা-কর্মচারীকে অবহিত করতে হবে। | সহকারী প্রোগ্রামার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও অভ্যন্তরীণ সম্পদ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা |
| ১১. | ৪.৪ তথ্য বাতায়নে সংযোজিত সংশ্লিষ্ট তথ্যসমূহ হালনাগাদকরণ। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ট্যাক্সেস আপীলাত ট্রাইব্যুনাল এবং কাস্টমস এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনালের তথ্য বাতায়নে সংযোজিত, তথ্যসমূহ হালনাগাদ করা হয়েছে। | তথ্য বাতায়নে সংযোজিত সংশ্লিষ্ট তথ্যসমূহ সময়ে সময়ে হালনাগাদ করতে হবে। | সহকারী প্রোগ্রামার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২. | ৪.৫ স্ব স্ব ওয়েবসাইটের অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদকরণ | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ট্যাক্সেস আপীলাত ট্রাইব্যুনাল এবং কাস্টমস এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল ২০১৯-২০ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী স্ব স্ব ওয়েবসাইটের অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স নিয়মতিভাবে হালনাগাদকরণ করেছে। | স্ব স্ব ওয়েবসাইটের অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স নিয়মিতভাবে হালনাগাদকরণের ধারা অব্যাহত রাখতে হবে। | সহকারী প্রো[illegible] অভ্যন্তরীণ [illegible] বিভাগ ও অভ্যন্তরী[illegible] সম্পদ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা |

## ৫. সুশাসন প্রতিষ্ঠা :

| ক্র/ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১৩. | ৫.১ দাপ্তরিক কাজে অনলাইন রেসপন্স সিস্টেম (ই-মেইল/এসএমএস)-এর ব্যবহার। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ট্যাক্স আপীলাত ট্রাইব্যুনাল, এবং কাস্টমস এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল ১০০% অনলাইন রেসপন্টস সিস্টেমে কাজ করা হয়েছে। | ২০২০-২১ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী অনলাইন রেসপন্স সিস্টেম এর ব্যবহার করতে হবে। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থা |
| ১৪. | ৫.২ ভিডিও/অনলাইন/টেলি-কনফারেন্স আয়োজন (স্কাইপ/ম্যাসেঞ্জার, ভাইবার ব্যবহারসহ)। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগসহ আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ টেলিকনফারেন্স সিস্টেমে জুম প্ল্যাটফর্মের মাধ্যমে বিভিন্ন সভার আয়োজন করছে। | ২০২০-২১ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী ভিডিও/অনলাইন/টেলি-কনফারেন্স আয়োজন করতে হবে। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থা |
| ১৫. | ৫.৩ দাপ্তরিক সকল কাজে ইউনিকোড ব্যবহার। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ট্যাকসেস আপীলাত ট্রাইব্যুনাল এবং কাস্টমস এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইবুনালে ইউনিকোডের ব্যবহার ১০০% করা হয়েছে। | দাপ্তরিক সকল কাজে ইউনিকোড এর ব্যবহার নিশ্চিত করতে হবে। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থা |

## ৬. উদ্ভাবনী উদ্যোগ ও সেবা পদ্ধতি সহজীকরণ :

| ক্র/ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১৬. | ৬.১ বার্ষিক উদ্ভাবন কর্ম-পরিকল্পনা ২০২০-২১ প্রণয়ন। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ট্যাকসেস আপীলাত ট্রাইব্যুনাল ও কাস্টমস আপীলাত ট্রাইবুনালের ২০২০-২১ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্ম পরিকল্পনা তৈরি করে আগামী ২০/০৭/২০২০ তারিখের মধ্যে প্রেরণ করার জন্য সভায় সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়। | ১। বার্ষিক উদ্ভাবন কর্ম-পরিকল্পনা ২০২০-২১ প্রণয়ন করে অভ্যন্তরীণ সম্পদ বিভাগে ২০/০৭/২০২০ তারিখের মধ্যে প্রেরণ করবে।<br>২। অভ্যন্তরীণ সম্পদ বিভাগের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা যথাসময়ে মন্ত্রপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থা |
| ১৭. | ৬.২ বার্ষিক উদ্ভাবন কর্ম-পরিকল্পনায় অন্তর্ভুক্ত কার্যক্রম বাস্তবায়ন। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগে ৮০%, জাতীয় রাজস্ব বোর্ড, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ট্যাকসেস আপীলাত ট্রাইব্যুনাল এবং কাস্টমস এক্সাইজ ও আপীলাত ট্রাইব্যুনালে ১০০% বাস্তবায়ন করা হয়েছে। | ২০২০-২১ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্ম-পরিকল্পনার অন্তর্ভুক্ত কার্যক্রম শতভাগ বাস্তবায়ন করতে হবে। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থা |

৭. স্বচ্ছতা ও জবাবদিহি শক্তিশালীকরণ :

| ক্র/নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১৮. | ৭.১ পিপিএ ২০০৬ ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী ক্রয়-পরিকল্পনা ২০২০-২১ প্রণয়ন। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইবুনাল ও ট্যাক্স আপীলাত ট্রাইব্যুনালের ক্রয় পরিকল্পনা ২০২০-২১ প্রস্তুত করতে হবে। | ২০২০-২১ অর্থবছরের ক্রয়-পরিকল্পনা প্রস্তুত করে ২৫/০৭/২০২০ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থা |
| ১৯. | ৭.২ স্ব স্ব ওয়েবসাইটের অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদকরণ। | অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, জাতীয় সঞ্চয় অধিদপ্তর এবং ট্যাক্স আপীলাত ট্রাইব্যুনাল ও কাস্টমস আপীলাত ট্রাইব্যুনাল হালনাগাদ করেছে। | স্ব স্ব ওয়েবসাইটের অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদকরণের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। | সহকারী প্রোগ্রামার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও অভ্যন্তরীণ সম্পদ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা |
| ২০. | ৭.৩ মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) এবং আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তাবয়ন সংক্রান্ত পরিবীক্ষণ। | সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি অভ্যন্তরীণ সম্পদ বিভাগে, জাতীয় রাজস্ব বোর্ডে, জাতীয় সঞ্চয় অধিদপ্তরে, কাস্টমস আপীলাত ট্রাইবুনাল ও ট্যাক্স আপীলাত ট্রাইব্যুনালে বাস্তবায়ন করা হচ্ছে। | সিটিজেন চার্টার/সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নের অগ্রগতি নিয়মিত পরিবীক্ষণ করতে হবে। | সহকারী প্রোগ্রামার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও অভ্যন্তরীণ সম্পদ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা |
| ২১. | ৭.৪ মন্ত্রণালয়/বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের এবং আওতাধীন/অধ:স্তন দপ্তর/সংস্থার শাখা/অধিশাখা পরিদর্শন/আকস্মিক পরিদর্শন। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ট্যাক্স আপীলাত ট্রাইব্যুনাল এবং কাস্টমস আপীলাত ট্রাইব্যুনাল হতে অধস্তন দপ্তর/শাখা পরিদর্শন করা হচ্ছে। | আওতাধীন দপ্তর/সংস্থা নিয়মিত পরিদর্শন/আকস্মিক পরিদর্শন করতে হবে। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও অভ্যন্তরীণ সম্পদ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা |
| ২২. | ৭.৫ সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নথির শ্রেণি বিন্যাসকরণ। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, কাস্টমস আপীলাত ট্রাইব্যুনালের প্রতিবেদন ও ট্যাক্সেস আপীলাত ট্রাইব্যুনালের নথি শ্রেনি বিন্যাস ১০০% সম্পন্ন হয়েছে। | প্রশাসনিক কর্মকর্তা/৩য় শ্রেনির কর্মচারী কর্তৃক স্ব স্ব অধিক্ষেত্রের নথির শ্রেনি বিন্যাস করতে হবে। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার প্রশাসনিক কর্মকর্তা ও তৃতীয় শ্রেনির কর্মচারীবৃন্দ |

৮. মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের শুদ্ধাচার সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম :

| ক্র/নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ২৩. | ৮.১ রাজস্ব ও উন্নয়ন খাতের কোয়ার্টার ভিত্তিক বরাদ্দ সময়মত ছাড় নিশ্চিতকরণ। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, জাতীয় সঞ্চয় অধিদপ্তরত, ট্যাক্স আপীলাত ট্রাইব্যুনাল এবং কাস্টমস আপীলাত ট্রাইব্যুনালে সময়মত বরাদ্দ ছাড় নিশ্চিত করা হয়েছে। | সময়মত বরাদ্দ ছাড় নিশ্চিত করতে হবে। | অতিরিক্ত সচিব (বাজেট) ও মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর |
| ২৪. | ৮.৩ কর্মকর্তা-কর্মচারি বদলীকালে প্রমিত নিয়ম-নীতি অনুসরণ। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগে কর্মকর্তা/কর্মচারী বদলীকালে প্রমিত নিয়ম-নীতি ১০০% অনুসরণ করা হচ্ছে। দপ্তর/সংস্থার বদলীর ক্ষেত্রে প্রমিত নিয়ম নীতি অনুসরণের জন্য সংশ্লিষ্টদের দৃষ্টি আকর্ষন করা যেতে পারে। | কর্মকর্তা/কর্মচারীদের বদলীর ক্ষেত্রে প্রমিত নীতি অনুসরণ করতে হবে। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা |

৯. শুদ্ধাচার চর্চার জন্য পুরস্কার/প্রণোদনা প্রদান :

| ক্র/নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ২৫. | ৯.১ শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা ২০১৭ অনুযায়ী শুদ্ধাচার পুরস্কার প্রদান। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগে ২৮/০৬/২০২০ তারিখে শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হয়েছে। এ বিভাগের আওতাধীন ৪টি দপ্তর/সংস্থায় নির্ধারিত সময়ে পুরস্কার প্রদান করা হয়েছে। | ২০২০-২১ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদানের কার্যক্রম গ্রহণ করতে হবে। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা |
| ২৬. | ৯.২ আওতাধীন/অধস্তন কার্যালয়ে শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা ২০১৭ অনুযায়ী শুদ্ধাচার পুরস্কার প্রদানের নিমিত্ত সংশ্লিষ্ট কোডে অর্থ বরাদ্দ। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ট্যাক্স আপীলাত ট্রাইব্যুনালের জন্য শুদ্ধাচার পুরস্কার প্রদানের নিমিত্ত সংশ্লিষ্ট কোডে অর্থ বরাদ্দ রয়েছে। | শুদ্ধাচার পুরস্কার প্রদানের নিমিত্ত সংশ্লিষ্ট কোডে অর্থ বরাদ্দ রাখতে হবে। | অতিরিক্ত সচিব (বাজেট) |

১০. অর্থ বরাদ্দ:

| ক্র/নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ২৭. | ১০.১ শুদ্ধাচার কর্ম পরিকল্পনায় অন্তর্ভূক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের আনুমানিক পরিমান। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগে বরাদ্দকৃত অর্থের পরিমান হল ৫,০০,০০০/ লক্ষ টাকা। এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থায় পর্যাপ্ত বরাদ্দ রয়েছে। | শুদ্ধাচার কর্ম পরিকল্পনায় অন্তর্ভূক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট কোডে অর্থ বরাদ্দ রাখতে হবে। | অতিরিক্ত সচিব (বাজেট) |

১২. পরিবীক্ষণ ও মুল্যায়ন :

| ক্র/নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ২৮. | ১১.১ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২১ প্রণয়ন করে মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল। | ২০২০-২১ অর্থবছরের কর্ম পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে। অনুমোদিত হলে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে। এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার ২০২০-২১ অর্থবছরের কর্ম পরিকল্পনা প্রেরণের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। | ১। অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২০২০-২১ অর্থবছরের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা তৈরী করে নির্ধারিত সময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করবে।<br>২। দপ্তর/সংস্থার ২০২০-২১ অর্থবছরের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা প্রণয়নপূর্বক অভ্যন্তরীণ সম্পদ বিভাগে প্রেরণ করবে। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৯. | ১১.২ নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ৪র্থ ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন ০৯-০৭-২০২০ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। অভ্যন্তরীণ সম্পদ বিভাগের মূল্যায়ন স্কোর মান ৮০ (আশি)। জাতীয় সঞ্চয় অধিদপ্তরের মূল্যায়ন স্কোর ৯৫.২৫। ট্যাক্স আপীলাত ট্রাইবুনালের মূল্যায়ন স্কোর ৭৭.৫০। জাতীয় রাজস্ব বোর্ডের মূল্যায়ন স্কোর ৭০.০১ এবং কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইবুনালের মূল্যায়ন স্কোর ৭৪.৬৫। | নিয়মিত ত্রৈমাসিক প্রতিবেদন দাখিল করতে হবে। | অতিরিক্ত সচিব (শুদ্ধাচার) ও আওতাধীন দপ্তর/সংস্থা |
| ৩০. | ১১.৩ আওতাধীন দপ্তর/সংস্থাকে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২১ প্রণয়নের নির্দেশনা প্রদান। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ হতে এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাকে যথাসময়ে এ বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। আগামী ২০/০৭/২০২০ তারিখের মধ্যে বার্ষিক কর্মপরিকল্পনা প্রেরণের জন্য সভায় সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়। | ২০২০-২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রণয়ন করে প্রেরণ করতে হবে। | অতিরিক্ত সচিব (শুদ্ধাচার) ও আওতাধীন দপ্তর/সংস্থা |
| ৩১. | ১১.৫ আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক প্রণীত/দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান। | কোভিড-১৯ জনিত কারণে ফিডব্যাক সভা হয়নি। ফিডব্যাক সভার বিষয়ে আলোচনা হতে পারে। | আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক প্রণীত/দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক সভা নিশ্চিত করতে হবে। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা |

০২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০|০৭|2020

(আবু হেনা মোঃ রহমাতুল মুনিম)
সিনিয়র সচিব